শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
রাজস্ব বাজেট শাখা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০১৯.১৭-৫১

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়নের জন্য ২০০৯-১০ হতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির ২য় প্রান্তিক পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০৯৯.২০.০০৪.১৭(অংশ-২)-০৬, তারিখ: ০৪/০২/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে প্রেরিত অর্থ বিভাগের সামষ্টিক অর্থনীতি অনুবিভাগের পরিবীক্ষণ শাখা-৩ হতে প্রাপ্ত পত্র এবং সংলগ্নীর ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, সংযুক্ত ছকের তথ্য জরুরী ভিত্তিতে আগামী ১৮/০২/২০২১ তারিখের মধ্যে এ বিভাগের রাজস্ব বাজেট শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৭/২/২০২১

(সাবিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩৬

বিতরণঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
৩। যুগ্মসচিব, (পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অতিরিক্ত সচিব (প্রশাঃ ও উন্নঃ) এর দপ্তর

| ডকেট নং | তারিখঃ |
|---|---|
| ৭৪৯৭ | ১০/২/২১ |
| যুগ্ম-সচিব (প্রশাসন) | |
| যুগ্ম-সচিব (উন্নয়ন) | |
| উপ-প্রধান | |
| ব্যক্তিগত কর্মকর্তা | |
| অন্যান্য | |
| অতিরিক্ত সচিব (প্র: ও উ:) | |

অতীব জরুরি
বাজেট বাস্তবায়ন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ
পরিবীক্ষণ শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mof.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর

| ডায়েরি নম্বর: ৬০৪ | তারিখ: ১০/২/২১ |
|---|---|
| অতিঃ সচিব (প্রশাসন ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা) |
| অতিঃ সচিব (উন্নয়ন) | যুগ্মসচিব (উন্নয়ন) |
| অতিঃ সচিব (কারিগরি) ১ / ২ | উপ প্রধান (পরিঃ) |
| অতিঃ সচিব (মাদ্রাসা) ১ / ২ | উপসচিব (SDG) |
| অতিঃ সচিব (অডিট ও আইন) ১ / ২ | উপসচিব............ |
| যুগ্মসচিব (প্রঃ ও অর্থ) | |
| যুগ্মসচিব (কারিগরি) | সচিব |

নং-০৭.০০.০০০০.০৯৯.২০.০০৪.১৭(অংশ-১)-০৬

তারিখ: ০৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

**বিষয়ঃ বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়নের জন্য ২০০৯-১০ হতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির ২য় প্রান্তিক পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯' অনুসারে বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন মাননীয় অর্থমন্ত্রীকে জাতীয় সংসদে উপস্থাপন করতে হয়। তৎপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থবছরের ২য় প্রান্তিকের প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ২০০৯-১০ হতে ২০২০-২১ অর্থবছরের বাজেটে ঘোষিত তাঁর মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সংশ্লিষ্ট কর্মসূচিসমূহের তালিকায় বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের অগ্রগতি (জুলাই-ডিসেম্বর, ২০২০ পর্যন্ত সময়ে) বিষয়ে সংযুক্ত ছকে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কার্যক্রম এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

০২। সুনির্দিষ্ট তথ্য সম্বলিত প্রতিবেদনের হার্ডকপি ও সফট্ কপি নিম্নোক্ত ই-মেইলে আগামী ২০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে সরাসরি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

৪/২/২০২১
(ড. মোঃ মতিউর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭০০৬১
matiurr2@finance.gov.bd

সচিব
কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ২০০৯-১০ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত ও ২০২০-২১ অর্থবছরে বাজেট বক্তৃতায় ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ বাস্তবায়ন

| মন্ত্রণালয়/বিভাগ: (৪) কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | | |
|---|---|---|
| অর্থবছর | বাজেটে ঘোষিত কার্যক্রম/পরিকল্পনা | বাস্তবায়ন অগ্রগতি |
| ২০০৯-১০ | ১. পর্যায়ক্রমে স্নাতক পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু<br>২. ছাত্রী উপবৃত্তি অব্যাহত রাখা (১৭৯)<br>৩. ছাত্র উপবৃত্তি চালু করা (১৭৯)<br>৪. মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন (১৭৯)<br>৫. বিজ্ঞান চর্চা/গবেষণা কর্মের সুযোগ বৃদ্ধি<br>৬. এলাকাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা (১৮১)<br>৭. প্রতি উপজেলায় টেকনিক্যাল ইন্সটিটিউট স্থাপন<br>৮. বরিশাল/রাঙ্গামাটি/গোপালগঞ্জে ১টি করে বিশ্ববিদ্যালয় স্থাপন<br>৯. ২০১৩ সালের মধ্যে কম্পিউটার/কারিগরি শিক্ষাকে মাধ্যমিক স্তরে বাধ্যতামূলক করা | |
| ২০১০-১১ | ১০. স্নাতক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান (১১৯) | |
| ২০১১-১২ | | |
| ২০১২-১৩ | ১. শিক্ষার সুযোগবঞ্চিত দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীর শিক্ষা নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় ট্রাস্ট ফান্ড গঠন (১০৯)<br>২. ১ হাজার ৫০০টি কলেজে একাডেমিক ভবন নির্মাণ; এবং ১৬৭টি মডেল উচ্চ বিদ্যালয়ে ভৌত অবকাঠামো নির্মাণ (১০৭)<br>৩. রাঙ্গামাটি ও বরিশালে ২টি পাবলিক বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়ায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপন (১০৮)<br>৪. সৃজনশীল মেধা অন্বেষণ নীতিমালা, ২০১২ এর বাস্তবায়ন (১০৬)<br>৫. দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ই- লার্নিং চালু করা (১১৩) | |
| ২০১৩-১৪ | | |
| ২০১৪-১৫ | ১. জাতীয় শিক্ষানীতি ২০১০ এর অধিকাংশ বাস্তবায়ন করা (৭৩)<br>২. আধুনিক প্রযুক্তিনির্ভর পাঠদান পদ্ধতি ও অবকাঠামো নির্মাণের চলমান কার্যক্রম ত্বরান্বিত করা (৭৩)<br>৩. প্রাথমিক থেকে উচ্চ-মাধ্যমিক পর্যন্ত সকল স্তরে ছাত্র-শিক্ষক অনুপাত গ্রহণযোগ্য মাত্রায় নামিয়ে আনা (৭৩)<br>৪. মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা জোরদার করা (১১৬)<br>৫. বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার বিভিন্ন প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধি (৭৪)<br>৬. মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পর্যায়ে ক্রমান্বয়ে প্রতিটি বিদ্যালয় ও মাদ্রাসায় ভোকেশনাল ট্রেনিং কোর্স চালু করা (৭৪)<br>৭. প্রত্যেক উপজেলায় বাস্তবায়নাধীন টেকনিক্যাল স্কুল প্রতিষ্ঠার কাজ দ্রুত সম্পন্ন করা (৭৪)<br>৮. প্রতিটি জেলায় একটি করে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ অব্যাহত রাখা (৭৭)<br>৯. আগামী ৩ বছরে তিনটি মন্ত্রণালয়ের ৩২টি প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ ব্যাংকের এসএমই ডিপার্টমেন্ট, পিকেএসএফ এবং নয়টি শিল্প সংগঠনের মাধ্যমে মোট ২ লক্ষ ৬০ হাজার জনকে আন্তর্জাতিক মানের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান (৬৫) | |
| ২০১৫-১৬ | ১. সৃজনশীল প্রশ্নপত্রের ব্যবহার, মাধ্যমিক পর্যায় পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, সৃজনশীল মেধা অন্বেষণ, উপবৃত্তি প্রদান এর মত ফলপ্রসূ কৌশল সমূহ অব্যাহত রাখা (৮২)<br>২. ইংরেজি ও গণিত শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা (৮২)<br>৩. ১৫-৪৫ বছর বয়সী নিরক্ষর জনগোষ্ঠীকে মৌলিক সাক্ষরতা ও জীবনদক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের জন্য গৃহীত প্রকল্পটির দ্রুত বাস্তবায়ন (৮৩)<br>৪. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ডের ১ হাজার কোটি টাকা সিডমানির বিপরীতে অর্জিত ৭৫ কোটি টাকা মুনাফা হতে স্নাতক ও সমপর্যায়ের মেয়েদের উপবৃত্তি প্রদান কার্যক্রম চলমান রাখা (৮২) | |

| | | |
|---|---|---|
| | ৫. প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তির সংখ্যা ৫০ হাজার হতে বৃদ্ধি করে ৬০ হাজার জনে উন্নীতকরণ (১১৭)<br>৬. শিক্ষা ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির প্রয়োগ নিশ্চিত করতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট নির্মাণ কাজ চলমান রাখা (৮৪)<br>৭. ১২৮টি উপজেলায় রিসোর্স সেন্টার স্থাপনের কাজ এবং বরিশালে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কাজ চলমান রাখা (৮৪)<br>৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরি টাইম বিশ্ববিদ্যালয়, গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় এবং সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণ (৮৪)<br>৯. বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে 'Accereditation Council'গঠনের প্রক্রিয়া চূড়ান্তকরণ (৮৪)<br>১০. দেশের ১০০টি উপজেলায় একটি করে কারিগরি বিদ্যালয় স্থাপন প্রকল্প বাস্তবায়ন দ্রুত সম্পন্ন করা (৮৩)<br>১১. প্রতিটি বিভাগীয় শহরে একটি করে গার্লস টেকনিক্যাল স্কুল, ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট, ৪টি বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট এবং সকল বিভাগে ১টি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের জন্য গৃহীত উন্নয়ন প্রকল্প দ্রুত বাস্তবায়ন (৮৩) | |
| ২০১৬-১৭ | ১. মানসম্পন্ন শিক্ষার প্রসার এবং শিক্ষার্থীদের সৃজনশীল প্রশ্নভিত্তিক পরীক্ষা পদ্ধতি এবং উপজেলা আইসিটি ট্রেনিং, রিসোর্স সেন্টার ও মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন কার্যক্রমসমূহ অব্যাহত রাখা (৮৫)<br>২. ব্যক্তিখাতে বিদ্যালয় নির্মাণ কাজের উদ্যোগ গ্রহণ ও এর অগ্রগতি (৮৬)<br>৩. জরাজীর্ণ বিদ্যালয় সংস্কারের জন্য ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দ ও এজন্য একটি নীতিমালা প্রণয়ন (৮৭)<br>৪. মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড হতে বৃত্তি প্রদানসহ গরীব মেধাবী ছাত্র/ছাত্রী এবং দুস্থ শিক্ষকদের এককালীন অনুদান প্রদান অব্যাহত রাখা (৮৮)<br>৫. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য অটিস্টিক একাডেমি স্থাপন (৮৮)<br>৬. শিক্ষা অবকাঠামোর ডিজাইনে প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিষয়টি যথাযথ গুরুত্ব দেয়া (৮৮)<br>৭. কারিগরি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ গ্রহণ (৮৯)<br>৮. ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে বেসরকারি শিক্ষকদের কল্যাণে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অবসর সুবিধা বোর্ড' এর অনুকূলে ৫০০ কোটি টাকার এনডাওমেন্ট ফান্ড এবং ১০০ কোটি টাকা এককালীন অনুদান প্রস্তাব এবং 'বেসরকারি শিক্ষক কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট' এর অনুকূলে এককালীন ৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাবনা (৯০)<br>৯. ভর্তির হার বৃদ্ধি ও শিক্ষার্থীদেরকে স্কুলে ধরে রাখার লক্ষ্যে উপবৃত্তির পাশাপাশি স্কুল ফিডিং কার্যক্রমের সম্প্রসারণ এবং এতে বেসরকারি ও ব্যক্তিখাতকে অন্তর্ভুক্ত করার জন্য 'জাতীয় স্কুল ফিডিং নীতিমালা' প্রণয়ন (৮৩) | |
| ২০১৭-১৮ | ১. ১২০টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং ২৮৫টি বেসরকারি কলেজ সরকারিকরণের কার্যক্রম অব্যাহত (৯০)<br>২. সার্বিক শিক্ষা খাতের মানোন্নয়নে অবকাঠামো নির্মাণ ও সংস্কার, এবং শিক্ষক প্রশিক্ষণসহ চলমান কার্যক্রম অব্যাহত রাখা (৯০)<br>৩. মাধ্যমিক, কারিগরি ও মাদ্রাসাশিক্ষাসহ উচ্চ শিক্ষার প্রসার এবং উৎকর্ষতা সাধনে চলমান কার্যক্রমও অব্যাহত রাখার লক্ষ্যে 'Secondary Education Development Program' শীর্ষক পাঁচ বছর মেয়াদি ১৮.২ বিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প গ্রহণ (৯০)<br>৪. শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূরীকরণ, সৃজনশীল মেধা অন্বেষণ, উপবৃত্তি প্রদানসহ চলমান অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখা এবং প্রসারিতকরন (৯১)<br>৫. ৫টি নতুন পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের কার্যক্রমকে আরো জোরদার করা (৯১) | |
| ২০১৮-১৯ | ১. কর্মসংস্থানবান্ধব কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ বাড়ানো, এধরনের শিক্ষার প্রতি আগ্রহ তৈরি করা এবং মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন (৯০)<br>২. সারাদেশে ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ নির্মাণ এবং অবশিষ্ট ৩৮৯টি উপজেলায় কারিগরি প্রশিক্ষণকেন্দ্র স্থাপন (৯১) | |

| | | |
|---|---|---|
| | ৩. বিদ্যমান প্রশিক্ষণকেন্দ্রসমূহে অবকাঠামো উন্নয়ন ও সংক্ষিপ্ত প্রশিক্ষণের আয়োজন, শিক্ষক প্রশিক্ষণ ও শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে জনপ্রিয় করা (৯১)<br>৪. ৪টি বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক, প্রতিটি বিভাগীয় শহরে একটি করে গার্লস টেকনিক্যাল স্কুল, ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন এবং সকল বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (৯১)<br>৫. মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে ৩৫টি মডেল মাদ্রাসা স্থাপন ও ৫২টি মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা এবং দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (৯১) | |
| ২০১৯-২০ | ১. বাংলাদেশে দক্ষ জনবল তৈরির জন্য দেশের প্রতিটি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপনের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ২,২৮১ কোটি ৬৯ লক্ষ টাকা ব্যয়ে ১০০টি উপজেলায় টেকনিক্যাল স্কুল স্থাপন (৮০)<br>২. বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন, ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি করণ (৮০)<br>৩. ৪টি বিভাগীয় (সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর) শহরে ১টি করে মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপন করা (৮০)<br>৪. মাদ্রাসাসমূহের অবকাঠামো উন্নয়ন ও শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া স্থাপন (৮১) | |
| ২০২০-২১ | ১. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে ছুটিকালীন সময়ে টেলিভিশন ও অনলাইনে দূরশিক্ষণ কার্যক্রম চালু (৫২)<br>২. সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠ্যক্রমের পাশাপাশি সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন (৬০)<br>৩. দেশের নির্বাচিত ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন ও ৩২৯টি উপজেলায় একটি করে টিএসসি স্থাপন (৬১)<br>৪. ৪টি বিভাগে (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর) ১টি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন এবং ৪টি ভূমি জরিপ ইন্সটিটিউট স্থাপন (৬১)<br>৫. দেশব্যাপী ১,৮০০টি মাদ্রাসায় নতুন ভবন নির্মাণ এবং বিদ্যমান ৬৫৩টি মাদ্রাসায় আধুনিক মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (৬২) | |

* বন্ধনীর ভেতরে সংশ্লিষ্ট অর্থবছরের বাজেট বক্তৃতার অনুচ্ছেদ নম্বর উল্লেখ করা হয়েছে।

৪/২/২০২১

ড. মোঃ মতিউর রহমান
সিনিয়র সহকারী প্রধান
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার